



১৬ সেপ্টেম্বর, ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

শিশুর প্রতি শারীরিক ও মানসিক শাস্তি সংক্রান্ত অভিযোগ, তদন্ত ও বিচার প্রক্রিয়া সুনির্দিষ্ট করে আইন প্রণয়ন প্রয়োজন---
- মতবিনিময় সভায় বক্তারা

আজ ১৬ সেপ্টেম্বর ২০১৮ তারিখ বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) আয়োজনে ও সেভ দ্য চিলড্রেন সহযোগিতায় ঢাকার বিয়াম ফাউন্ডেশন এর মাহবুব কবির অডিটোরিয়াম “শিক্ষা প্রতিষ্ঠানসহ সর্বক্ষেত্রে শিশুদের প্রতি শারীরিক ও মানসিক শাস্তি নিরসনে করণীয়” বিষয়ক একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন বিচারপতি মো: নিজামুল হক, মাননীয় বিচারপতি (অবসরপ্রাপ্ত), আপীল বিভাগ, সুপ্রীম কোর্ট, বাংলাদেশ ও মুখ্য আইন উপদেষ্টা, ব্লাস্ট এবং প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মীর শওকত আলী বাদশা এম পি, সভাপতি, শিশু অধিকার বিষয়ক সংসদীয় ককাস কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ। এছাড়া সভায় শিশু অধিকার বিষয়ক সংসদীয় ককাস কমিটির সদস্য উম্মে কুলসুম কাজল, এমপি; সামসুল আলম দুদু, এমপি; কামরুন নাহার চৌধুরী, এমপি; হোসনে আরা লুৎফা ডালিয়া, এমপি সহ আইনজীবী, শিশু অধিকার বিষয়ক মানবাধিকার সংগঠনের প্রতিনিধিসহ সেভ দ্য চিলড্রেন ও ব্লাস্ট এর প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন। সভায় শিশুর প্রতি শারীরিক ও মানসিক নির্যাতন-এর ওপর পরিচালিত গবেষণা তথ্য এবং এই ধরনের নির্যাতন বন্ধের বিভিন্ন দিক তুলে বাংলাদেশ সুপ্রীম কোর্টের আইনজীবী ও ব্লাস্টের উপদেষ্টা (এডভোকেসী ও ক্যাপাসিটি বিল্ডিং) এডভোকেট তাজুল ইসলাম ও ব্লাস্টের রিসার্চ স্পেশালিস্ট তাকবির হুদা।

সভায় প্রধান অতিথির বক্তব্যে শিশু অধিকার বিষয়ক সংসদীয় ককাস কমিটির সভাপতি মীর শওকত আলী বাদশা এম পি বলেন, বর্তমান সরকার শিশুর অধিকার রক্ষায় সংসদীয় ককাস গঠন করেছেন এবং এই প্রথম ককাসের মাধ্যমে শিশুদের জন্য পৃথক বাজেট বরাদ্দ করেছেন এবং শিশুদের কল্যাণে যা যা করা প্রয়োজন তা সংসদীয় ককাস সরকারের কাছে তুলে ধরবে।

সভায় বিশেষ অতিথির বক্তব্যে জাতীয় মানবাধিকার কমিশনের সদস্য নুরুন নাহার ওসমানী বলেন, এখনো শিশুদের প্রতি শারীরিক ও মানসিক শাস্তি নিরসনে শিক্ষক ও অভিভাবকদের সচেতনতা বৃদ্ধি ও মনমানসিকতার পরিবর্তন প্রয়োজন। পাশাপাশি শিক্ষকদের প্রশিক্ষণ মডিউলে এ বিষয়টি অন্তর্ভুক্ত করা এবং শিক্ষক নিয়োগের সময় তাদের মনমানসিকতা শিশু বান্ধব কিনা তা যাচাই করা প্রয়োজন।

ফিরোজুল ইসলাম মিলন, সিনিয়র ম্যানেজার, সেভ দ্য চিলড্রেন সভার প্রেক্ষাপট ও উদ্দেশ্য তুলে ধরে শিশু অধিকার বিষয়ক প্রকল্প বাস্তবায়নের দীর্ঘদিনের অভিজ্ঞতায় বলেন, যে সব আইন শিশুদের শারীরিক ও মানসিক শাস্তি সমর্থন করে তার সংশোধন করা প্রয়োজন এবং এ ক্ষেত্রে এ সংক্রান্ত একটি সতন্ত্র আইন প্রণয়নের উপর তিনি জোর প্রদান করেন।

সভায় অংশগ্রহণকারীগণ সর্বক্ষেত্রে শিশুদের শারীরিক ও মানসিক শাস্তি ঘটনায় তাৎক্ষণিক ব্যবস্থা নিতে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের তাৎক্ষণিক সেল গঠন, সরকারী ও বেসরকারী হটলাইন নম্বরসমূহের প্রচার ও ব্যবহার বৃদ্ধি এবং শিশু একাডেমীকে আরো শক্তিশালীকরণ এর সুপারিশ তুলে ধরেন। বিভিন্ন ক্ষেত্রে যেমন - পরিবার, শিক্ষা প্রতিষ্ঠান, সমাজ ও শিশুর কর্মস্থলে শিশুদের প্রতি শারীরিক ও মানসিক শাস্তি নিরসনে বাংলাদেশে বিদ্যমান আইন ও নীতিমালা প্রয়োগের বর্তমান অবস্থা; শারীরিক ও মানসিক শাস্তি সমর্থন করে এমন আইনের সংশোধন বা বিলুপ্তকরণ এবং শিশুর প্রতি শারীরিক ও মানসিক শাস্তি নিরসনে আইনগত কাঠামোর বিষয়টি আলোচিত হয়।

প্রেক্ষাপট : বিগত ১৮ জুলাই ২০১০ ব্লাস্ট ও আসক যৌথভাবে মহামান্য হাইকোর্ট-এ একটি রিট পিটিশন^১ দায়ের করেন। উক্ত রিট-এর প্রেক্ষিতে হাইকোর্ট বিগত ১৩ জানুয়ারি ২০১১ তারিখে রায় প্রদান করেন। এই রায়ে উল্লেখ করা হয় যে, শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক কর্তৃক শিশুর প্রতি শারীরিক ও মানসিক শাস্তি প্রদান শিশু শিক্ষার্থীদের জীবন ও ব্যক্তিস্বাধীনতার সাংবিধানিক অধিকার লংঘন করে যা বাংলাদেশের [সংবিধানের ২৭, ৩১, ৩২, ৩৫\(৫\) অনুচ্ছেদ](#) ও মানবাধিকারের পরিপন্থী বলে রায় প্রদান করেন^২। আবার [শিশু আইন ২০১৩ এর ৭০](#)^৩ ধারা অনুসারে কোন শিশুকে আঘাত, উৎপীড়ন, অবহেলাসহ এ ধরনের ব্যবহারের মাধ্যমে শিশুর শারীরিক ও মানসিক ক্ষতি করা শাস্তিযোগ্য অপরাধ। তেমনি আন্তর্জাতিক আইন অনুসারেও শিশুদের আত্মসম্মান ও শারীরিক ক্ষতি হতে রক্ষা পাওয়ার অধিকার প্রদান করা হয়েছে। আন্তর্জাতিক শিশু অধিকার সনদ এবং আন্তর্জাতিক নাগরিক ও রাজনৈতিক অধিকার সনদ-এ স্বাক্ষর প্রদানকারী দেশ হিসেবে বাংলাদেশ যে কোন শিশুর প্রতি যৌন নির্যাতন, অমানবিক ও অশ্রদ্ধাজনক আচরণ না করা বিষয়ে অঙ্গীকারবদ্ধ।

বার্তা প্রেরক:

মাহবুবা আক্তার, উপ- পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

ইমেইল- mahbuba@blast.org.bd

¹ Writ Petition No. 5684/2010.

² Judgment available at: https://www.blast.org.bd/content/judgement/wp_5684of2010.pdf

³ http://bdlaws.minlaw.gov.bd/bangla_pdf_part.php?id=1119